# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, গায়রুল্লাহের নামে যবেহ করে তার নৈকট্য লাভ করার হুকুম কী?

উত্তর: বল, বড় শির্ক। কারণ, আল্লাহ তা‘আলা বলেন, [فَصَلِّ لِرَبِّكَ وَٱنۡحَرۡ] [الكوثر: ٢] “তোমার রবের জন্য সালাত আদায় করো ও কুরবানি কর”। [সূরা কাউসার, আয়াত: ২] তিনি আরও বলেন,

قُلۡ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحۡيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ ٱلۡعَٰلَمِينَ ١٦٢ لَا شَرِيكَ لَهُۥۖ وَبِذَٰلِكَ أُمِرۡتُ وَأَنَا۠ أَوَّلُ ٱلۡمُسۡلِمِينَ ١٦٣ [الانعام: ١٦٢، ١٦٣]

“বল আমার সালাত, আমার কুরবানি, আমার জীবন ও আমার মৃত্যু সমগ্র সৃষ্টি জগতের রব আল্লাহর জন্যে। তার কোনো শরীক নেই এবং আমাকে এরই নির্দেশ প্রদান করা হয়েছে। আর আমি মুসলিমদের মধ্যে প্রথম”। [সূরা আল-আনআম, আয়াত: ১৬২-১৬৩] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে গায়রুল্লাহের জন্য যবেহ করল তার ওপর আল্লাহর লা‘আনত”। (সহীহ মুসলিম)

আর নীতিমালা বলে, “যা আল্লাহর জন্যে করা ইবাদত তা অন্যের জন্য করা শির্ক”।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=9975

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন